তারিখ 23 FEB 2016
পৃষ্ঠা 2 কলাম 6

সংবাদ

# বইমেলার স্টলে আগুন দেয়ার চেষ্টা

সাংস্কৃতিক বার্তা পরিবেশক

ফাগুনের সোনালি বিকেলে বইপ্রেমীদের পদভারে যখন মুখরিত গ্রন্থমেলা প্রাঙ্গণ তখনই মেলায় হানা দেয় অশুভ শক্তি। সুন্দরের বিনাশে দানবের হানায় বিপর্যস্ত হয়ে পড়ে মেলার নান্দনিকতা। স্টলে স্টলে বইয়ের জন্য যখন ঘুরছিল বইপ্রেমীরা তখনই আগুন আগুন চিৎকারের শব্দ ভেসে আসছিল প্লাটফর্ম নামের একটি স্টলের আশপাশ থেকে। হঠাৎ করে স্তব্ধ হয়ে পড়ে মেলা প্রাঙ্গণ। বইপ্রেমী, দর্শনার্থী, প্রকাশক ও বিক্রয়কর্মীদের মাঝে নেমে আসে আতঙ্ক। সন্ধ্যার দিকে প্ল্যাটফর্মের স্টলে আগুন ধরানোর পর মেলার স্বাভাবিকতায় নেমে আসে অস্থিরতা। অমর একুশে গ্রন্থমেলার সোহরাওয়ার্দী উদ্যানের অংশের শিশু চত্বরের পাশে প্ল্যাটফর্মের (স্টল নাম্বার ৪৯২) স্টলে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। তবে কে বা কারা আগুন ধরিয়ে দিয়েছে এবং কি কারণে আগুন দিয়েছে এই বিষয়টি জানাতে পারেনি মেলা কমিটি।

মেলা কমিটির সদস্য সচিব ড. জালাল আহমেদ বলেন, 'সিসি ক্যামেরায় সন্ধ্যা ৬টা ৭ মিনিটে ধরা পড়েছে দুই জন তরুণ আগুন দেয়ার চেষ্টা করেছে ওই স্টলটিতে। আমরা কেরোসিনের গন্ধ পেয়েছি। নিরাপত্তাকর্মীরা বলেছে, তারা দ্রুতই এ ঘটনার সঙ্গে সম্পৃক্তদের ধরতে পারবেন।

প্ল্যাটফর্ম স্টলের বিক্রয়কর্মী প্রসেনজিৎ রায় বলেন, পেছন দিক থেকে আগুন লাগানোর চেষ্টা করেছে কে বা কারা। আমরা পেট্রলের গন্ধ পেয়েছি। প্রথমে নিজেদের চেষ্টায় ও পরে ফায়ার সার্ভিস কর্মীরা এসে আগুন নিভিয়ে ফেলেন। প্রসেনজিৎ বলেন, ক্ষয়ক্ষতির আগেই আগুন নিভিয়ে ফেলা হয়েছে।

বইমেলা ইউনিটের ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার সাহেব আলী বলেন, 'সিসি ক্যামেরায় দেখা গেছে দুই ব্যক্তি ঘোরাফেরা করছিল। তারা পেট্রল বা কেরোসিন দিয়ে আগুন লাগানোর চেষ্টা করে। এটা ষড়যন্ত্রমূলক হতে পারে, আমরা খতিয়ে দেখব।'

গত ১৫ ফেব্রুয়ারি 'ইসলাম বিতর্ক' বইটি **বইমেলার** : পৃষ্ঠা : ১৫ ক : ৩

## বইমেলার : স্টলে

(১ম পৃষ্ঠার পর)

প্রদর্শনীর জন্য মেলায় ব-দ্বীপ স্টলটি বন্ধ করে দেয় পুলিশ। এছাড়া পুলিশ বেশ কয়েকটি বই জব্দ করে। ব-দ্বীপ বন্ধের এক সপ্তাহ পরই জ্বালিয়ে দেয়ার চেষ্টা করা হলো প্ল্যাটফর্ম-এর স্টলটি। তবে প্ল্যাটফর্ম স্টলটিতে কেনই বা এ চেষ্টা, তা জানা যায়নি। বইমেলার একটি স্টলে আগুন দেয়ার চেষ্টাকে কলঙ্কজনক বলছেন অনেকেই।

অনাকাঙ্ক্ষিত এই অগ্নিকাণ্ডের পর মেলায় থমথমে ভাব বিরাজ করছে। আগুন লাগার মধ্য দিয়ে মেলার সফলতার গতি হঠাৎ করেই স্থবির হয়ে পড়ে। উপস্থিত দর্শনার্থী ও বইপ্রেমীরা এসময় দিকবিদিক ছোটাছুটি করতে থাকে।

অগ্নিকাণ্ডের আগ পর্যন্ত ভালোই চলছিল মেলার সার্বিক কর্মকাণ্ড। প্রায় সব স্টলের বিক্রিই ছিল আশাব্যঞ্জক।

প্রসঙ্গত, অগ্নিকাণ্ডের আগ পর্যন্ত ভালোই চলছিল মেলার সার্বিক কর্মকাণ্ড। প্রায় সব স্টলের বিক্রিই ছিলো আশাব্যঞ্জক।